গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ রেজাউল করিম
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ।

সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ। পরিশিষ্ট- ক দ্রষ্টব্য ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করা হয় । সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভার কার্যপত্র উপস্থাপন করেন । উপস্থাপিত জানুয়ারি, ২০২১ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয় । সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন । কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় । অতঃপর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত আলোচনা এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখ-২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে ।

চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাইলে, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর মাধ্যমে এ জেলার ৯টি উপজেলায় ১০(দশ)টি প্যাকেজে মোট ১৯(উনিশ)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে । তন্মধ্যে ১৪(চৌদ্দ)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং শতভাগ সম্পন্ন ০৯(নয়)টি ইউনিয়ন ভূমি অফিস সংশ্লিষ্ট সহকারী কমিশনার(ভূমি)গনের নিকট হস্তান্তর করা হয়েছে। ০৫(পাঁচ)টি ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তরের প্রক্রিয়াধীন। তিনি উপজেলা ভিত্তিক চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহ ও সীমানা প্রাচীর নির্মাণ কাজের তথ্য নিম্নোক্তভাবে উপস্থাপন করেন :-

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজারহাট | বিদ্যানন্দ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/- | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা, লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ১০০% |
| | | চাকিরপশার ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| | | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | | | | ৫০% |
| ২ | নাগেশ্বরী | নাগেশ্বরী পৌর ভূমি অফিস | ১,১২,২৮,০৫০/- | মেসার্স সাগর ট্রেডার্স কেরানীপাড়া, রংপুর। | ১০/০৫/২০২০ | ১০০% |
| | | ভিতরবন্দ ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ৩ | রৌমারী | রৌমারী সদর ইউনিয়ন ভূমি অফিস | ১,১২,৭৫,৫৫০/- | মোঃনুরুজ্জামান কাঁঠালবাড়ী, কুড়িগ্রাম। | ০৯/০৩/২০২০ | ৩৫% |
| | | যাদুর চর ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| ৪ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | ৫৪,৫২,০০০/- | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ, হরিকেশ, কুড়িগ্রাম । | ১৬/১০/২০২০ | ১০% |
| ৫ | রাজিবপুর | মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৯,৭০,০০০/- | মেসার্স সাউদি ট্রেডিং লালমনিরহাট। | ২৮/১১/২০২০ | ৫% |
| | | চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস | ৬৮,৫৫,০০০/- | মেসার্স সমাপ্তি ট্রেডার্স চিলমারী, কুড়িগ্রাম । | ২৮/১১/২০২০ | ০% |
| ৬ | উলিপুর | ক) ধরণীবাড়ী ও ধামশ্রেণী ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ | ৫৯,৯৯,৬০০/- | মোঃ নুরুল আমিন সরকার, কুড়িগ্রাম । | ৩১/০১/২০২১ | ৯০% |
| | চিলমারী | খ) রাণীগঞ্জ ও চিলমারী সদর ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ | | | ৩১/০১/২০২১ | ৭৫% |

ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় রাজারহাট উপজেলায় ০২টি, রৌমারী উপজেলায় ০১(এক)টি এবং নাগেশ্বরী উপজেলায় ০২(দুই)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হলেও হস্তান্তর করা হয়নি। রাজারহাট উপজেলায় ০১(এক)টি ও রৌমারী উপজেলায় ০১(এক)টি ইউনিয়ন ভূমি অফিস এবং উলিপুর ও চিলমারী উপজেলাধীন ০৪(চার)টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হয়েছে ।

উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর জানান যে, ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শুরু করা হয়েছে। নিয়মিত পরিদর্শনসহ নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর-কে নির্দেশনা প্রদান করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট জানান যে, উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে সে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে মাটি ভরাটের ব্যয় সংকুলান হবে এবং প্রাক্কলন সংশোধনের প্রয়োজন হবে না। ইতোমধ্যে মাটি ভরাটের কাজ শুরু হয়েছে। মাটি ভরাটের কাজসহ ভবন নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট-কে নির্দেশনা প্রদান করা হয়।

সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর জানান যে, মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ শুরু করা হয়েছে কিন্তু প্রাক্কলনে সীমানা প্রচীর না থাকায় অফিসের নিরাপত্তা বিঘ্নিত হবে। এ ছাড়াও ডিজাইনে প্লিন্থের উচ্চতা যে পরিমান ধরা আছে তা বৃদ্ধি করা না হলে বন্যার সময় অফিস ভবনের মেঝের উপর দিয়ে পানি প্রবাহিত হবে। কাজেই অফিসের নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর নির্মাণসহ ও বন্যার সময় যাতে অফিসের ভিতর দিয়ে পানি প্রবাহিত না হয় সেজন্য প্লিন্থ লেভেলের উচ্চতা বৃদ্ধি করা আবশ্যক। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে পরামর্শ প্রদান করা হয়। । সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর আরও জানান যে, উপজেলা ভূমি অফিসের পুরাতন ভবন নিলামে বিক্রয়ের নিমিত্ত পুরাতন ভবনের মূল্য নির্ধারণ করা হয়েছে। চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের লক্ষ্যে উপজেলা ভূমি অফিসের পুরাতন ভবন অপসারণসহ নিলামের প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত কেস নথি সৃজনপূর্বক এ কার্যালয়ে প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), চর-রাজিবপুর, কুড়িগ্রাম-কে নির্দেশনা প্রদান করা হয়।

যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে সেগুলি সরেজমিনে পরিদর্শন করে নির্মাণ কাজের মান সন্তোষজনক হলে হস্তান্তর গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার(ভূমি)গনকে পরামর্শ প্রদান করা হয়।

যে সকল ইউনিয়ন ভূমি অফিস এবং সীমানা প্রাচীরের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদারগণ সম্পন্ন করতে পারেননি যে সকল ইউনিয়ন ভূমি অফিস এবং সীমানা প্রাচীরের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও নির্মাণাধীন ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুনগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গনকে নির্দেশনা প্রদান করা হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি ইউনিয়ন ভুমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগনকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি), (সকল),কুড়িগ্রাম। |
| ২। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদারগণ সম্পন্ন করতে পারেননি সে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৩। কুড়িগ্রাম সদর উপজেলাধীন ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ নিয়মিত পরিদর্শণসহ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), কুড়িগ্রাম সদর।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৪। রাজারহাট উপজেলাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের সামনের অংশ মাটি ভরাটের কাজসহ ভবনের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট।<br>২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৫। মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিসের নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর নির্মাণ ও বন্যার সময় যাতে অফিসের ভিতর দিয়ে পানি প্রবাহিত না হয় সেজন্য প্লিন্থ লেভেলের উচ্চতা বৃদ্ধি করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর-রাজিবপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৬। চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের লক্ষ্যে উপজেলা ভূমি অফিসের পুরাতন ভবন অপসারণসহ নিলামের প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত কেস নথি সৃজনপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর-রাজিবপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর। |
| ৭। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে সেগুলি সরেজমিনে পরিদর্শন করে হস্তান্তর গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, নাগেশ্বরী ও রৌমারী, কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার(ভূমি), রাজারহাট, নাগেশ্বরী ও রৌমারী, কুড়িগ্রাম।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
ও
সভাপতি
জেলা মনিটরিং কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮- ৬৭০ (২৫)

তারিখ : ০১ চৈত্র, ১৪২৭
১৫ মার্চ, ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।
৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল). কুড়িগ্রাম।
৫। সহকারী কমিশনার(ভূমি), ................................ (সকল). কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। সহকারী কমিশনার, আইসিটি জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (ওয়েব প্রোটালে প্রকাশের অনুরোধসহ) ।
৮। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি ।

১৫/০৩/২০২০

(মোঃ আবুবকর সিদ্দিক)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম।
ফোনঃ০৫৮১-৬১৩১০(অফিস)